


যেহেতু, ডাঃ নাদিয়া ফাতেমা (১২৭০৬৭), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা (প্রাক্তন সহকারী সার্জন, নিজামপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ) ২৭.০৩.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমাতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৩.০১.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২০৪.২০১৩-৫০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৯.১২.২০১৪ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ২৫.০৩.২০১৩খ্রিঃ তারিখ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাচোল চাঁপাইনবাবগঞ্জে নাইট ডিউটির সময় বিদ্যুত চলে যাওয়ায় ইমার্জেন্সীতে রোগী দেখতে যাওয়ার সময় সিড়ি দিয়ে পড়ে গিয়ে বাম পায়ে আঘাত প্রাপ্ত হন এবং তার আঘাতপ্রাপ্ত পায়ে প্লাস্টার করা হয়। পরবর্তীতে কর্মস্থলে যোগদান করেন এবং ক্র্যাচ ব্যবহার করে তিনি সরকারি দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকায় কর্মরত থেকে সরকারি দায়িত্ব পালন করছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাদিয়া ফাতেমা (১২৭০৬৭), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা এর বিরুদ্ধে অনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২০৪.২০১৪-

২৫০

তারিখঃ ২৫.১২.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ নাদিয়া ফাতেমা (১২৭০৬৭), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা



সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১৩-১১৮

তারিখঃ ১২.১২.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ শামসুল আরেফিন (৪০৩১৭), মেডিকেল অফিসার (জীবানুবিদ), আইপিএইচ, ঢাকা, ০৮.০৩.২০০৬ তারিখ হতে ০৫.০৬.২০১১ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৮.০৪.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮-২০১৩-২৯৫নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তীর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা



(এ. এম. ফারুক)
অতিরিক্ত সচিব

ডাঃ শামসুল আরেফিন (৪০৩১৭)
মেডিকেল অফিসার (জীবানুবিদ)
আইপিএইচ, মহাখালী, ঢাকা
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-এন. এ. এম. ইক্বান্দর আজম, ১২/এ শ্যামলী, রোড-০২, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১৩-১১৮

তারিখঃ ১২.১২.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। পরিচালক, আইপিএইচ, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)



(এ. এম. ফারুক)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২১.২০১৪- ১৫৭

তারিখঃ ১৪.১২.২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ নুরুন নাহার (৪২০৩৫), জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি), জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ নুরুন নাহার (৪২০৩৫), জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি), জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ গত ২১.০৮.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ নুরুন নাহার (৪২০৩৫)
জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি)
জেনারেল হাসপাতাল
মুন্সিগঞ্জ
(যোগাযোগ ঠিকানাঃ- মিম নর্থ গার্ডেন, হাউজ-৪, রোড-৫, ব্লক-ডি, নিকেতন, গুলশান, ঢাকা)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২১.২০১৪- ১৫৭/১৬)

তারিখঃ ১৪.১২.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। উপ-পরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(এ. এম. আনোয়ার হোসেন)


সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ নুবুন নাহার (৪২০৩৫), জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি), জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ গত ২১.০৮.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৩- ৭৫৭

০৮.১৪২১ বঙ্গাব্দ
তারিখঃ ২৭.১২.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ ইফতেখার মাহমুদ (১১৩১০৫), মেডিকেল অফিসার, আইলচারা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, কুষ্টিয়া গত ২৮.১০.২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ১০.০২.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৩-১৩৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ ইফতেখার মাহমুদ (১১৩১০৫), মেডিকেল অফিসার, আইলচারা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, কুষ্টিয়াকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৮.১০.২০০৮ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৩- ৭৫৭/১৩০

তারিখঃ ২৭.১২.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিভিল সার্জন, কুষ্টিয়া
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ ইফতেখার মাহমুদ (১১৩১০৫), মেডিকেল অফিসার, আইলচারা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, কুষ্টিয়া (স্থায়ী ঠিকানাঃ- প্রয়স্কে মোঃ ইদ্রিস মিয়া, সোনারতরী, ৮০৩ পশ্চিম কাজীপাড়া, ঢাকা)


(যেঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd